



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ২০ সেপ্টেম্বর ২০২২

প্রেস বিজ্ঞপ্তি

নারী সাফ চ্যাম্পিয়নশিপ জেতায় বাংলাদেশ দলকে ইউপিডিএফের অভিনন্দন

নেপালে অনুষ্ঠিত নারী সাফ ফুটবল চ্যাম্পিয়নশিপের শিরোপা জেতায় পার্বত্য চট্টগ্রামের কৃতি খেলোয়াড়ী রূপনা চাকমা, মনিকা চাকমা, আনাই মগিনি (মারমা), আনুচিং মগিনি (মারমা) ও তাদের কোচ তৃষ্ণা চাকমাসহ বাংলাদেশ নারী ফুটবল টিমের সকল সদস্যকে আন্তরিক ও প্রাণঢালা অভিনন্দন জানিয়েছে ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।

আজ ২০ সেপ্টেম্বর ২০২২ মঙ্গলবার এক বিবৃতিতে ইউপিডিএফের সহসভাপতি নতুন কুমার চাকমা পার্বত্য চট্টগ্রামের কৃতি নারী ফুটবল খেলোয়াড়ীদের অভিনন্দন জানিয়ে বলেন, পার্বত্য চট্টগ্রামের ছেলেমেয়েরা সুষ্ঠু পরিবেশ, সুযোগ ও পৃষ্ঠপোষকতা পেলে ফুটবল, হ্যান্ডবল ও ব্যাডমিন্টনসহ বিভিন্ন খেলায় সাফল্য দেখাতে সক্ষম হবে, তা গতকাল নেপালে নারী সাফ চ্যাম্পিয়নশিপ জেতার মাধ্যমে আরও একবার প্রমাণিত হয়েছে।

তিনি বলেন খেলাধুলা, বিনোদন ও শিল্প চর্চার জন্য স্থিতিশীল ও সুষ্ঠু রাজনৈতিক পরিবেশ ও জাতীয় স্বায়ত্তশাসনের অধিকার প্রয়োজন, যা দুঃখজনকভাবে পার্বত্য চট্টগ্রামে এখনও অনুপস্থিত। যেখানে অধিকাংশ পাহাড়ি তরুণ-তরুণীকে সব সময় হামলা, গ্রেফতার ও হয়রানি-নির্ধাতনের ভয়ে ভ্রতস্থ থাকতে হয়, সেখানে এসব সুকুমার বিষয়ে মনোনিবেশ করা তাদের জন্য এক বিলাসিতা হয়ে দাঁড়ায়। কিন্তু তা সত্ত্বেও পাহাড়ীদের মধ্য থেকে কেউ কেউ নিজের অদম্য ইচ্ছা, আগ্রহ ও ঐকান্তিক প্রচেষ্টায় যেভাবে খেলাধুলার জগতে দেশে ও বিদেশে সাফল্য অর্জন করে চলেছে তা সত্যিই প্রশংসার যোগ্য।

পার্বত্য চট্টগ্রামে অধিকার অর্জনের মাধ্যমে শান্তি প্রতিষ্ঠিত হলে এখানকার ছেলেমেয়েরা খেলাধুলাসহ বিভিন্ন ক্ষেত্রে দেশে ও বিদেশে সাফল্য ও সুনাম অর্জন করে পার্বত্য চট্টগ্রামসহ দেশের ভাবমূর্তি উজ্জ্বল করতে পারবে বলে তিনি মনে করেন।

সাফ চ্যাম্পিয়নশিপ জেতার কারণে বাংলাদেশ টিমের সদস্যরা দেশে ও পার্বত্য চট্টগ্রামে বিপুল সংবর্ধনা পাওয়ার যোগ্য মন্তব্য করে নতুন কুমার চাকমা বলেন, শিরোপা জয়ের মাধ্যমে দক্ষিণ এশিয়ায় বাংলাদেশ নারী ফুটবল দলের শীর্ষ আসন লাভের যে গৌরব ও সম্মান অর্জিত হয়েছে, পার্বত্য চট্টগ্রামও তার গুরুত্বপূর্ণ অংশীদার।

তিনি সরকারীভাবে পার্বত্য চট্টগ্রামে সাফ নারী ফুটবল চ্যাম্পিয়নশিপের শিরোপা জেতা কৃতি খেলোয়াড়ীদের সংবর্ধনা প্রদান এবং এই অঞ্চলে ছেলেমেয়েদের জন্য খেলাধুলার সুষ্ঠু পরিবেশ সৃষ্টি ও খেলোয়াড়ীদের জন্য সুযোগ-সুবিধা বৃদ্ধির দাবি জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।